

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৮-০৯-২০১৬ খ্রিঃ

অদ্য ০৮-০৯-২০১৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে চলমান College Education Development Project-প্রকল্পে অর্থায়নের জন্য একটি ১০০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের Acting Country Director Mr. Zahid Hussain ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংক-এর উর্দ্ধতন কর্মকর্তারা উক্ত স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রকল্পের মূল উদ্দেশ্য সমূহঃ-

- (ক) কলেজ এডুকেশন সাব-সেক্টর (Tertiary Level)-এর অধিকতর উন্নয়নের কৌশলগত পরিকল্পনা তৈরীকরণ এবং উক্ত সাব-সেক্টরের ব্যবস্থাপনা শক্তিশালীকরণ;
- (খ) অনার্স ও মাস্টার্স কোর্স পরিচালনাকারী সংশ্লিষ্ট সরকারি ও বে-সরকারি কলেজসমূহের টিচিং-লার্নিং পরিবেশ উন্নতর করা;
- (গ) প্রকল্প বাস্তবায়নকালীন সংশ্লিষ্ট কলেজ সমূহে প্রতিযোগিতামূলক অর্থায়ন নিশ্চিতকরণে কার্যকর মনিটরিং ও ইভালুয়েশন ব্যবস্থা সৃষ্টি করা;
- (ঘ) কলেজের শূন্য পদে নিয়োগ প্রদান নিশ্চিতকরণসহ শিক্ষক নিয়োগ, দেশ-বিদেশে প্রশিক্ষণ এবং ব্যবস্থাপনা উন্নতর করা।

অধিকন্তু, প্রকল্পটি সরকারি কলেজগুলোর ২৭০০ শিক্ষকের শূন্য পদ পূরণ করতে সাহায্য করবে। প্রকল্পটি শিক্ষকদের উন্নয়নে সাহায্য করবে এবং জাতীয় প্রশিক্ষণ সংস্থা ও নটিংহ্যাম বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় প্রশিক্ষণ সংস্থা স্থাপনের মাধ্যমে প্রায় ৮,০০০ কলেজ শিক্ষক ও পরিচালকদের প্রশিক্ষণ দেয়া সম্ভব হবে এবং বিশ্বের সেরা শিক্ষক প্রশিক্ষণ নিশ্চিত করবে।

শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হতে যাচ্ছে। প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৬ খ্রিঃ হতে জুন ২০২১ খ্রিঃ মেয়াদে বাস্তবায়িত হবে।

আলোচ্য প্রকল্পের জন্য আইডিএ অর্থায়নের ঋণ ৬ (ছয়) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের উত্তোলিত অর্থের উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ এবং ০.৫০% হারে কমিটমেন্ট ফি প্রদেয় হবে। তবে চলতি অর্থ বছরসহ দীর্ঘদিন ধরে কমিটমেন্ট ফি ০% (শূন্য শতাংশ)-এ নির্ধারিত রয়েছে।



এ. এইচ. এম. জাহাঙ্গীর
উপ প্রধান
বিশ্বব্যাংক-৪ অধিশাখা
ফোনঃ ৯১৮০৬৮৮